

পুঁজিবাজারে আসছে মডার্ন স্টিল মিলস

লঙ্কাবাংলা ইনভেস্টমেন্টের হাত ধরে প্রথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজারে আসছে মডার্ন স্টিল মিলস লিমিটেড।

গত সোমবার আইপিও'র ইস্যু ব্যবস্থাপনার জন্য কোম্পানির সঙ্গে চুক্তি সই করেছে লঙ্কাবাংলা ইনভেস্টমেন্ট লিমিটেড।

লঙ্কাবাংলা ইনভেস্টমেন্ট লিমিটেডের পক্ষে চুক্তি সই করেন ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী(সিইও) কর্মকর্তা হাছান জাভেদ চৌধুরী ও কোম্পানির পক্ষে সই করেন ব্যবস্থাপনা পরিচালক মো.মিজানুর রহমান।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, মডার্ন স্টিল মিলসের চেয়ারম্যান মাকসুদুর রহমান, পরিচালক মারজানুর রহমান, প্রধান অর্থ কর্মকর্তা ওবায়দুর রহমান, লঙ্কাবাংলা ফিন্যান্সের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী, লঙ্কাবাংলা সিকিউরিটিজের সিইও মোহাম্মদ খায়রুল আনাম, ইনভেস্টমেন্টের ডেপুটি সিইও খন্দকার কায়স হাসান, হেড অব প্রাইমারি মার্কেট অপারেশন আদনান মাহমুদ চৌধুরীসহ প্রমুখ।

উল্লেখ, লঙ্কাবাংলা গ্রুপের ইনভেস্টমেন্টের ব্যাংকিং শাখা সম্প্রতি দ্য পেনিনসুলা চিটাগাং ও ইউনাইটেড জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানির ইস্যু ম্যানেজারের কাজ করেছে।

জিইউ/এসএম



সোমবার আইপিও'র ইস্যু ব্যবস্থাপনার জন্য মডার্ন স্টিল মিলসের সঙ্গে চুক্তি সই করেছে লঙ্কাবাংলা ইনভেস্টমেন্ট লিমিটেড।